# বেসরকারি বিশ্ববিদ্যালয়ে বৈষম্য নিরসনে ৯ দাবি

নিজস্ব প্রতিবেদক

১৯ আগস্ট, ২০২৪
২০:০৩

শেয়ার

অ +

অ -




ছবি : কালের কণ্ঠ

বেসরকারি বিশ্ববিদ্যালয় শিক্ষকদের সংগঠন বাংলাদেশ সোসাইটি ফর প্রাইভেট ইউনিভার্সিটি একাডেমিকসের (বিএসপিইউএ) উদ্যোগে জাতীয় প্রেস ক্লাবে আজ সোমবার এক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

সংবাদ সম্মেলনে উচ্চশিক্ষার গুণগত মানোন্নয়নে বিশেষ করে বেসরকারি বিশ্ববিদ্যালয়ে বিদ্যমান বৈষম্য দূরীকরণে ৯টি দাবি তুলে ধরেন সংগঠনের সভাপতি ড. ফরিদ আহমদ সোবহানী।

দাবিগুলো হলো : অলাভজনক প্রতিষ্ঠান হওয়ায় বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ওপর আরোপিত ১৫ শতাংশ ইনকাম ট্যাক্স প্রত্যাহার করে ওই অর্থ স্কলারশিপ, গবেষণা ও ছাত্র কল্যাণে বরাদ্দের নির্দেশনা; বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, বাংলাদেশ এক্রেডিটেশন কাউন্সিল, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনসহ বিভিন্ন সরকারি সংস্থায় এবং শিক্ষাসংক্রান্ত বিভিন্ন কমিটি ও উপকমিটিতে বেসরকারি বিশ্ববিদ্যালয় শিক্ষকদের অন্তর্ভুক্তি নিশ্চিত করা; বেসরকারি বিশ্ববিদ্যালয়ের জন্য স্বতন্ত্র রেগুলেটরি এজেন্সি প্রতিষ্ঠা করা; বেসরকারি বিশ্ববিদ্যালয়সহ সব শিক্ষাপ্রতিষ্ঠানে লেজুড়বৃত্তিক রাজনীতি বন্ধ করা; চাকরির ক্ষেত্রে বেসরকারি বিশ্ববিদ্যালয় গ্র্যাজুয়েটদের সঙ্গে বৈষম্যমূলক আচরণ বন্ধ করা; বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ প্রশাসনিক পদে বেসরকারি বিশ্ববিদ্যালয় শিক্ষকদের অগ্রাধিকার দেওয়া; বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মেধাবী গ্র্যাজুয়েটদের পাবলিক বিশ্ববিদ্যালয়ে সরাসরি পিএইচডিতে ভর্তির সুযোগ দেওয়া; বেসরকারি বিশ্ববিদ্যালয়ে অবিলম্বে পিএইচডি প্রোগ্রাম চালু করা; এবং প্রতিটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে মানসম্মত সার্ভিস রুলস চালু করা।

সংবাদ সম্মেলনে ড. ফরিদ আহমদ সোবহানী বলেন, ‘বিএসপিইউএ আশা করে বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার, শিক্ষা মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বেসরকারি বিশ্ববিদ্যালয়ে বিদ্যমান বৈষম্য দূরীকরণে উল্লিখিত দাবি বাস্তবায়ন এগিয়ে আসবেন, যা মানসম্মত শিক্ষার জন্য অতীব জরুরি।

,